# 📖 সহীহ শামায়েলে তিরমিযী

হাদিস নাম্বারঃ ৪

১. রাসূলুল্লাহ (ﷺ) এর দৈহিক গঠন (باب ما جاء في خلق رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ রাসূলুল্লাহ (সাঃ) বেশী দীর্ঘ ছিলেন না, আবার বেশী খাটোও ছিলেন না

আরবী

حَدَّثَنَا مَحْمُودُ بْنُ غَيْلانَ ، قَالَ : حَدَّثَنَا وَكِيعٌ ، قَالَ : حَدَّثَنَا سُفْيَانُ ، عَنْ أَبِي إِسْحَاقَ ، عَنِ الْبَرَاءِ بْنِ عَازِبٍ ، قَالَ : " مَا رَأَيْتُ مِنْ ذِي لِمَّةٍ فِي حُلَّةٍ حَمْرَاءَ أَحْسَنَ مِنْ رَسُولِ اللَّهِ ، لَهُ شَعْرٌ يَضْرِبُ مَنْكِبَيْهِ ، بَعِيدُ مَا بَيْنَ الْمَنْكِبَيْنِ ، لَمْ يَكُنْ بِالْقَصِيرِ , وَلا بِالطَّوِيلِ . "

বাংলা

তাঁর দু’কাঁধের মধ্যবর্তী স্থান প্রশস্ত ছিল

৪. বারা ইবনে আযিব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি কাঁধ পর্যন্ত লম্বা চুলবিশিষ্ট লাল চাদর ও লাল লুঙ্গি পরিহিত অবস্থায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর চেয়ে সুদর্শন কাউকে দেখিনি। তাঁর কেশগুচ্ছ ছিল কাঁধ বরাবর। তাঁর দু’কাঁধের মধ্যবর্তী স্থান অন্যদের তুলনায় কিছুটা প্রশস্ত ছিল। তিনি অধিক খাটো বা অধিক দীর্ঘাকৃতির ছিলেন না।[1]

## English

THE NOBLE FEATURES OF RASULULLAH (SALLALLAHU ALAIHE WASALLAM)

Baraa bin Aazib (Radiallahu Anhu) reports: "I never seen someone with long hair and red clothing more handsome than Rasullullah (Sallallahu alaihe wasallam). His hair reached his shoulders. The portion between his two shoulders was wide. He was neither very tall nor very short".

ফুটনোট

[1] সহীহ মুসলিম, হা/৬২১১; মুসনাদে আহমাদ, হা/১৮৫৮১।

ব্যাখ্যা

৩ নং হাদীসে বর্ণিত হয়েছে যে, রাসূলুল্লাহ (সাঃ) এর মাথার চুল কানের লতি পর্যন্ত দীর্ঘ ছিল। আর এ হাদীসে বলা হয়েছে, কাঁধ পর্যন্ত দীর্ঘ ছিল। উভয় বক্তব্যই ঠিক। কেননা, চুল সব সময় এক অবস্থায় থাকে না। কখনো কম হয়, কখনো বেশি হয়। আবার ইচ্ছাকৃতভাবেও বড় ছোট রাখা হয়। চুলের ভিন্ন ভিন্ন অবস্থার ব্যাখ্যা এভাবে করা যায় যে, তিনি সর্বোচ্চ কাঁধ পর্যন্ত লম্বা করেছেন, যাকে ‘জিম্মা’ বলা হয়। আর সর্বাধিক ছোট করার পরিমান ছিল কানের লতি, যাকে ‘ওয়াফরা’ বলে। আর এর মাঝামাঝি অবস্থানকে ‘লিম্মা’ বলা হয়।

---

The description of the hair of Sayyidina Rasullullah (Sallallahu alaihe wasallam) in this hadeeth is different one mentioned before. There it is stated that his hair reached his ear-lobes. In reality there is no difference between the two hadeeth, as the hair does not remain the same length but grows. Sometimes the hair was shortened, sometimes longer hair was kept.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইমাম পাবলিকেশন্স লিমিটেড
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=48521

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন